গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর**
অপারেশন ও সমন্বয় শাখা
www.gsb.gov.bd

## বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর অক্টোবর/২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **মোঃ জিল্লুর রহমান চৌধুরী<br>মহাপরিচালক, জিএসবি** |
| **তারিখ** | : | **২২ অক্টোবর, ২০১৮** |
| **সময়** | : | **বেলা ১০:০০ ঘটিকা** |
| **স্থান** | : | **অধিদপ্তরের ৪র্থ তলার সভাকক্ষ** |
| **উপস্থিত সদস্য** | : | **পরিশিষ্ট-ক** |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতেই মহাপরিচালক মহোদয় সমন্বয় সভার পূর্বনির্ধারিত তারিখ একদিন পিছিয়ে দেয়ার কারন ব্যাখ্যা করেন ও সকলকে আজকের সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভার আলোচ্য সূচিসমূহ:

১. বিগত ২৫-০৯-২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
২. বিগত ২৫-০৯-২০১৮ তারিখের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন বিষয়াদির পর্যালোচনা।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাগণ এর উপর আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| ১ | আইটি সংশ্লিষ্ট জনবল নিয়োগের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। পরিচালক (অপাঃ) এ বিষয়ে কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় মন্ত্রনালয়ের আদলে একজন সিস্টেম এনালিস্ট ও একজন প্রোগ্রামারের জন্য প্রস্তাব দিতে বলেন। জিএসবি'র আইটি সম্পর্কিত বিদ্যমান সুযোগ-সুবিধা প্রয়োজন অনুসারে বর্ধিতকরণ করার বিষয়ে মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট ও প্রোগ্রামার পরামর্শ দিয়ে সহায়তা প্রদান করবে এবং তাদের পরামর্শসহ প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠানো যেতে পারে।<br>এছাড়াও MIS/IT সাপোর্ট দেয়ার জন্য অনেক ফার্ম আছে যারা প্রয়োজনীয় setup করে দিতে পারে বলে সভাপতি মহোদয় মত দেন। পরবর্তীতে আমাদের নিজস্ব লোকজনের মাধ্যমে এ সংশ্লিষ্ট কার্যক্রম চলমান থাকবে।<br>এছাড়াও আলোচনায় অফিসের ইন্টারনেট সংযোগ উন্নত করার কথা উঠলে সংগ্রহণ কর্মকর্তা জানান যে, ২৬/৭/২০১৮ তারিখ হতে জিএসবি'র ব্যান্ড উইথ ২৪ MB/S থেকে ৫০ MB/S এ উন্নীত করা হয়। তিনি আরো জানান BTCL এর পক্ষ থেকে জানানো হয়েছে যে, জিএসবি ৫০ MB/S ব্যবহার করছে না। এর কারন হিসেবে জানা যায়, জিএসবি'র বর্তমান ইন্টারনেট ব্যবস্থাপনা অবকাঠামো ৫০ MB/S ব্যবহার উপযোগী নয়। সে প্রেক্ষিতে প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়ন না করে কেন ব্যান্ড উইথ বাড়ানো হল সে মর্মে মহাপরিচালক মহোদয় প্রশ্ন করেন। এ সমস্যা নিরসনে সভাপতি মহোদয় সংগ্রহণ কর্মকর্তাকে দ্রুত ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠান, মন্ত্রণালয়ের সিস্টেম | ক) আইটি সংশ্লিষ্ট জনবল নিয়োগের জন্য যৌক্তিকভাবে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট ও প্রোগ্রামার পরামর্শ দিয়ে সহায়তা প্রদান করবে এবং তাদের পরামর্শসহ প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠানো যেতে পারে।<br>খ) মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট এবং প্রোগ্রামার এর উপস্থিতিতে ইনোভেশন টিম জিএসবির ওয়াইফাই সার্ভিস প্রোভাইডার ব্রিজ কম্পিউটার টেকনোলজিস এর সাথে মিটিং করে কিভাবে ৫০ MB/S ব্যবহার উপযোগী অবকাঠামো ব্যবস্থাপনা করা যায় সে বিষয়ে আলোচনা করবেন এবং সংগ্রহণ কর্মকর্তাসহ মহাপরিচালক মহোদয়ের সাথে সাক্ষাৎ করবেন। | অপারেশন ও সমন্বয় শাখা এবং ইনোভেশন টিম |

চলমান পাতা-২

| | | | |
|---|---|---|---|
| | এনালিস্ট, ইনোভেশন টিমসহ তার সাথে দেখা করতে বলেন। | | |
| ২ | অকেজো ঘোষিত স্টাফ বাস বিক্রয়ের বিষয়ে আলোচনায় পরিচালক (অপা:) সভাকে জানান যে, বাসটি বিক্রয়ের জন্য ৫ম বারের মত টেন্ডার করা হয়েছে এবং টেন্ডারে ১৫০,০০০ টাকা সর্বোচ্চ দর উঠেছে। মহাপরিচালক মহোদয় পরিবহন কর্মকর্তাকে গাড়ির মূল্য কমানোর জন্য BRTA এর সহকারী পরিচালকের সাথে যোগাযোগ করতে বলেন এবং তার সাথে নিজে এ বিষয়ে আলাপ করেন ও দ্রুত এ সমস্যা সমাধানের নির্দেশ দেন। | গ) টেন্ডার পরবর্তী কার্যক্রম ও সর্বোচ্চ দর অনুযায়ী গাড়ির নতুন মূল্য নির্ধারণের কাজ দ্রুত শেষ করতে হবে।<br>ঘ) পরিবহন কর্মকর্তা BRTA এর সহকারী পরিচালকের সাথে যোগাযোগ করে গাড়ির নতুন মূল্য নির্ধারণ করবেন। | অপারেশন ও সমন্বয় |
| ৩ | খনিজ সম্পদের অনুসন্ধান ও ড্রিলিং পয়েন্ট নির্ধারণের পূর্বশর্ত অনুযায়ী সংশিষ্ট শাখাসমূহের বহিরঙ্গন কর্মসূচি দ্রুত শুরু করা নিয়ে সভায় আলোচনা হয়। সভাপতি মহোদয় বহিরঙ্গন কর্মসূচিতে যাওয়ার পূর্বে ও কর্মসূচির সমাপ্তিতে প্রত্যেক টিমকে সংশ্লিষ্ট কর্মসূচি সম্পর্কে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন দিতে নির্দেশ দেন।<br>সভাপতি মহোদয় দিনমজুর মঞ্জুরির বিষয়ে শাখাপ্রধানদের যৌক্তিকতা অনুযায়ী যাতে আবেদন করা হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে বলেন ও এ বলে অবহিত করেন যে দ্রুত বহিরঙ্গন কর্মসূচি শুরুর জন্য তিনি তার নিকট আসা দিনমজুর সংক্রান্ত নথিসমূহ অনুমোদন করে দিবেন।<br>এছাড়াও সকল ধাপ সম্পন্ন করার পর প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে ড্রিলিং পয়েন্ট দেয়ার উপর তিনি জোর দেন এবং বহিরঙ্গন কর্মসূচি বিশেষত ড্রিলিং ফিল্ডের সময় বিতর্ক এড়ানোর জন্য স্থানীয় প্রশাসনকে সংশ্লিষ্ট করতে বলেন। এসময় শাখা প্রধান (খনন প্রকৌ:) সভাপতি মহোদয়কে জানান গত অর্থ বছরের ড্রিলিং ফিল্ডের সময় স্থানীয় জেলা প্রশাসক, সাংবাদিক ও অন্যান্য গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। এছাড়াও সমগ্র ড্রিলিং ফিল্ডের ডকুমেন্টস সংরক্ষিত আছে। | ঙ) দিনমজুর চাহিদার বিষয়ে শাখাপ্রধানগণ যৌক্তিকতা যাচাই বাছাই করে তাতে সুপারিশ করবেন।<br><br>চ) বহিরঙ্গন কর্মসূচি বিশেষত ড্রিলিং ফিল্ডের সময় বিতর্ক এড়ানোর জন্য স্থানীয় প্রশাসনকে সংশ্লিষ্ট করতে হবে। | সংশ্লিষ্ট শাখা সমূহ |
| ৪ | জিএসবি'র ২০১৮-১৯ অর্থবছরের পূর্ত কাজ সংক্রান্ত আলোচনায় পরিচালক (অপাঃ) সভাকে অবহিত করেন যে প্রয়োজনীয় পূর্ত কাজের তালিকা ইতোমধ্যে তৈরি করা হয়েছে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে। সভাপতি মহোদয় অনুমোদিত তালিকা অনুযায়ী যথাসময়ে কাজ শুরুর বিষয়ে তাগিদ দেন। তিনি দপ্তরের কর্মকর্তাদের কাজ যাতে মানসম্মত হয় সেদিকে নজর রাখতে বলেন। | ছ) অনুমোদিত তালিকা অনুযায়ী যথাসময়ে কাজ শুরু করতে হবে এবং কাজের মান যাতে ভালো হয় সেদিকে খেয়াল রাখতে হবে। | অপারেশন ও সমন্বয় |
| ৫ | চট্টগ্রাম ও খুলনায় অবস্থিত জিএসবি'র জমি রেজিস্ট্রেশন সংক্রান্ত আলোচনায় চট্টগ্রামের জমির বর্তমান অবস্থা সম্পর্কে মহাপরিচালক মহোদয় বলেন যে, তিনি জাতীয় গৃহায়ণ কতৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সাথে ইতোমধ্যেই সাক্ষাৎ করেছেন। গৃহায়ণ কতৃপক্ষ এই জমিতে ফ্ল্যাট তৈরি করতে ইচ্ছুক। তবে মহাপরিচালক মহোদয় এই জায়গা জিএসবি'র দখলে রাখার ব্যপারে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন। এসময় জনাব আবদুল বাকী খান মজলিশ, পরিচালক (ভূতত্ত্ব) খুলনার জমিও রেজিস্ট্রেশন করা দরকার বলে জানান। মহাপরিচালক মহোদয় এই বিষয়েও পদক্ষেপ নিতে পরিচালক (অপাঃ) কে নির্দেশ দেন। | জ) মহাপরিচালক মহোদয় ব্যক্তিগতভাবে জাতীয় গৃহায়ণ কতৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সাথে সাক্ষাৎ করেছেন। আরও কিছুদিন অপেক্ষার পর পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে। | অপারেশন ও সমন্বয় |
| ৬ | প্রতিটি শাখার কাজের উন্নতির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও বৈজ্ঞানিক যন্ত্রাংশ মেরামত সংক্রান্ত আলোচনায় পরিচালক (অপাঃ) সভাকে জানান যে, চাহিদা যাচাই-বাছাই কমিটির কার্যক্রম সমাপ্ত হওয়ার পর দ্রুত যন্ত্রপাতি মেরামতের পদক্ষেপ নেয়া হবে। জনাব আতাউল মুনীম, পরিচালক (রসায়ন) অটো-স্যাম্পলার ক্রয়ের হালনাগাদ অবস্থা জানতে চাইলে সংগ্রহণ কর্মকর্তা জানান, মহাপরিচালক মহোদয় বাৎসরিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | ঝ) চাহিদা যাচাই-বাছাই কমিটির কার্যক্রম সমাপ্ত হওয়ার পর দ্রুত যন্ত্রপাতি মেরামতের পদক্ষেপ নিতে হবে। | অপারেশন ও সমন্বয় |

| | | | |
|---|---|---|---|
| | করেছেন। সেই মোতাবেক দ্রুত অটো-স্যাম্পলারটি কেনা হবে। | | |
| ৭ | চট্টগ্রামে অবস্থিত জিএসবি'র জমি ব্যবহার সংক্রান্ত আলোচনায় মহাপরিচালক মহোদয় পুনরায় মাল্টি পারপাস প্ল্যান সহ ডিপিপি প্রণয়নের ব্যাপারে জোর দেন। এ প্রকল্পের প্রস্তাব যা ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে তা ফেরত আনা ও নতুন প্রস্তাব পাঠানোর অগ্রগতি সম্পর্কে জানতে চান। তিনি পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা প্রধানের অনুপস্থিতিতে উক্ত শাখা থেকে কোন প্রতিনিধি সভায় না থাকার কারন জানতে চান এবং উপর্যুক্ত বিষয়ে অগ্রগতি দ্রুত তাকে অবহিত করার নির্দেশ দেন। তিনি মাসিক সমন্বয় সভায় শাখা প্রধানের অনুপস্থিতিতে প্রত্যেক শাখা থেকে প্রতিনিধি উপস্থিতি নিশ্চিত করার নির্দেশ দেন। | ঞ) চট্টগ্রামে অবস্থিত জিএসবি'র জমির প্রকল্পের প্রস্তাব যা ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে তা ফেরত আনার বিষয়ে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা প্রধান গৃহীত পদক্ষেপ সম্পর্কে মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন ।<br>ট) মাল্টি পারপাস প্ল্যান সহ পুনরায় ডিপিপি প্রণয়ন করে দ্রুত প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন |
| ৮ | গাড়ি ব্যবহারের কর্মকর্তাদের অফিসে যাতায়াতের বিদ্যমান অসুবিধা দূরীকরণে গাড়ি শাটল হিসেবে ব্যবহারের অনুমোদনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে ইতোমধ্যে আবেদন করা হয়েছে বলে পরিচালক (অপাঃ) সভাকে অবহিত করেন। মহাপরিচালক মহোদয় জানান বিষয়টি প্রক্রিয়াধীন আছে এবং দ্রুত এটি সমাধান হয়ে যাবে। | ঠ) কর্মকর্তাদের যাতায়াতের জন্য গাড়ি শাটল হিসেবে ব্যবহারের আবেদনটি প্রক্রিয়াধীন আছে এবং মহাপরিচালক মহোদয় দ্রুত এটি অনুমোদনের ব্যবস্থা করবেন। | অপারেশন ও সমন্বয় |
| ৯ | এরিয়াল ফটোগ্রাফ স্ক্যান ও ভূ-বৈজ্ঞানিক ডাটা আর্কাইভিং সংক্রান্ত আলোচনায় জনাব সৈয়দ নজরুল ইসলাম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) বলেন তার শাখায় অনেক পুরনো এরিয়াল ফটোগ্রাফ রয়েছে যেগুলো স্ক্যান করে ডিজিটাল ফরম্যাটে না নিলে নষ্ট হয়ে যাবে তবে বিদ্যমান আইন আমাদের এই অনুমতি দেয় না। জনাব কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) জানান তিনি পূর্বে এটি করতে চেয়েছিলেন কিন্তু সার্ভে অব বাংলাদেশ যারা এই ফটোগ্রাফের প্রস্তুতকারি তারা আইনগত বাধা থাকার কারণে তার অনুমতি দেয়নি। সভাপতি মহোদয় জিএসবি থেকে একটি টিমকে সার্ভে অব বাংলাদেশের মহাপরিচালক মহোদয়ের সাথে সাক্ষাৎ করে এর প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক আবারো স্ক্যান করার অনুমতি চাইতে বলেন। তারপর প্রয়োজনে আইন সংশোধনের উদ্যোগ নেয়া যেতে পারে।<br>জনাব সৈয়দ নজরুল ইসলাম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) আরও বলেন তার দূর অনুধাবন ও জিআইএস শাখায় কার্টোগ্রাফি ও প্রিন্টিং এবং ম্যাপ ও ফটোলাইব্রেরী দুইটি উপ-শাখা রয়েছে। ম্যাপ ও ফটোলাইব্রেরীতে সংরক্ষিত ম্যাপগুলো ডিজিটাইজেশন করার মাধ্যমে এটিকে একটি ডিজিটাল লাইব্রেরিতে রুপান্তর করা যায়। এছাড়াও তিনি সভাকে অবহিত করেন তার কার্টোগ্রাফি ও মুদ্রণ উপশাখার লোকজন প্রায় ১০ বছর যাবত কার্টোগ্রাফি সংক্রান্ত কোনও কাজে লিপ্ত নেই। এখন তাদের প্রশিক্ষণের মাধ্যমে ম্যাপ প্রস্তুত ও ডিজিটাইজেশন কাজে লাগানো যেতে পারে এবং দূর অনুধাবন ও জিআইএস শাখা নিজেরাই এই প্রশিক্ষণ দিতে সক্ষম। জনাব আবদুল বাকী খান মজলিশ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন সকল ভূ-বৈজ্ঞানিকেরা বর্তমানে নিজেরাই প্রয়োজনীয় ডিজিটাল ম্যাপ প্রস্তুত করতে পারেন আর কার্টোগ্রাফারদের মাধ্যমে ম্যাপ তৈরিতে মূল সমস্যা হচ্ছে আমরা যেভাবে চিন্তা করছি তা কার্টোগ্রাফারদের বোঝাতে যে সময় ও শ্রম ব্যয় হয় সে সময়ে নিজেরাই ম্যাপ প্রস্তুত করে ফেলা যায়। এ প্রেক্ষিতে জনাব কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, বর্তমানে জিএসবি'র ম্যানুয়াল কার্টোগ্রাফি অচল, সারা বিশ্বে ডিজিটাল কার্টোগ্রাফিতে কাজ হয়।<br>সভাপতি মহোদয় এ উপশাখার আর প্রয়োজন আছে কিনা জানতে চাইলে দূর অনুধাবন ও জিআইএস শাখা প্রধান | ড) জিএসবি থেকে ৪ সদস্যের একটি প্রতিনিধিদল সার্ভে অব বাংলাদেশের মহাপরিচালক মহোদয়ের সাথে সাক্ষাৎ করবেন। দলের সদস্যগণ হলেন নিম্নরূপঃ<br>১। জনাব কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব)<br>২। জনাব আবদুল বাকী খান মজলিশ, পরিচালক (ভূতত্ত্ব)<br>৩। জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব)<br>৪। জনাব সৈয়দ নজরুল ইসলাম, উপ-পরিচালক (ভূতত্ত্ব)<br><br>ঢ) কার্টোগ্রাফি ও মুদ্রণ উপশাখার লোকজনকে ডিজিটাইজেশন সংক্রান্ত প্রশিক্ষণের জন্য কম্পিউটার সেল প্রয়োজনীয় সহায়তা দিবে এবং জিআইএস ও রিমোট সেন্সিং শাখা এ প্রশিক্ষণ দিবে।<br><br>ণ) ডাটা সেন্টারে হার্ড কপি ডাটার পাশাপাশি সফট কপি ডাটাও সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে। পরবর্তীতে সেন্ট্রাল সার্ভার তৈরি করতে হবে যেখান থেকে সকল শাখা প্রয়োজনীয় ডাটা অ্যাকসেস করতে পারবে। আইটি সংশ্লিষ্ট লোকবল নিয়োগ হলে তারা এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।<br><br>ত) দূর অনুধাবন ও জিআইএস শাখার ডিজিটাইজড ডাটা সংরক্ষণ ও ডাটার নিরাপত্তার জন্য পৃথক জিও-সার্ভার স্থাপনের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে সংশ্লিষ্ট শাখা প্রধান আলাপ করবেন। | সংশ্লিষ্ট শাখাসমূহ |

| | | | |
|---|---|---|---|
| | বলেন, কার্টোগ্রাফি উপশাখাকে প্রশিক্ষণের মাধ্যমে ম্যাপ ডিজিটাইজেশনের কাজে লাগানো যেতে পারে। পরবর্তীতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এ উপশাখাকে আধুনিকায়ন করা যেতে পারে। তিনি ডিজিটাইজড ডাটা সংরক্ষণ ও নিরাপত্তার জন্য এ শাখায় একটি জিও-সার্ভার বসানোর প্রয়োজনীয়তা ব্যক্ত করেন। এ আলোচনার প্রেক্ষিতে জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন জিএসবিতে বর্তমানে একটি কেন্দ্রীয় ডাটা সেন্টার রয়েছে যেখানে শুধু বিভিন্ন শাখার রিপোর্ট ও ডাটা সমূহের হার্ড কপি রয়েছে। এই ডাটা সেন্টারে হার্ড কপি ডাটার পাশাপাশি সফট কপিও রাখতে হবে। তারা এখানেই সকল শাখার ডাটা সংরক্ষনের মাধ্যমে একটি কেন্দ্রীয় সার্ভারে গঠনের ব্যাপারে মত প্রকাশ করেন। এসময় মুক্ত আলোচনায় এই ডাটা সার্ভারের ডিজাইন, নিরাপত্তা ও LAN এর মাধ্যমে ডাটা সেন্টারে সংরক্ষিত ডাটা অ্যাকসেস এর বিষয়গুলো উঠে আসে। সভাপতি মহোদয় বলেন, নতুন আইটি সেল গঠিত হলে তারা এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা দিতে সক্ষম হবে। | | |
| ১০ | প্রকল্পের আওতায় ক্রয়কৃত মূল্যবান বৈজ্ঞানিক সরঞ্জামাদি টিওএন্ডই-তে অন্তর্ভুক্ত করে রাজস্ব খাতে নেয়ার আলোচনায় পরিচালক (অপাঃ) সভাকে জানান এ সংক্রান্ত খসড়া প্রস্তাব প্রণয়ন করা হচ্ছে। সভাপতি মহোদয় প্রস্তাব প্রণয়ন শেষে দ্রুত বিষয়টি নথিতে পেশ করতে বলেন। এছাড়াও তিনি এ বিষয়ে প্রয়োজনে শাখা প্রধানগণের মতামত নেয়া যেতে পারে বলে মত দেন। | থ) প্রকল্পের মূল্যবান বৈজ্ঞানিক যন্ত্রাংশ টিওএন্ডই-তে অন্তর্ভুক্ত করে রাজস্ব খাতে নেয়ার খসড়া প্রস্তাব মহাপরিচালক বরাবর নথিতে পেশ করতে হবে। | অপারেশন ও সমন্বয় |
| ১১ | মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবিত প্রকল্প ও পিপিএনবি'র উপর আলোচনায় জানানো হয় ৩টি পিপিএনবি প্রশাসনিক মন্ত্রণালয় হয়ে বর্তমানে অর্থ মন্ত্রণালয়ে আছে। সভাপতি মহোদয় এ বিষয়ে বিস্তারিত তথ্য সহ কেন সংশ্লিষ্ট শাখাসমূহের কোনও প্রতিনিধি তার সাথে সাক্ষাৎ করেনি তা জানতে চান। তিনি বলেন যে, এ বিষয়ে জানার পর তিনি খোঁজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবেন। জনাব মঈন উদ্দিন আহমেদ, পরিচালক (ভূতত্ত্ব) তার শাখার প্রস্তাবিত বাংলাদেশের বিভিন্ন জেলায় সাদামাটি (White Clay) অনুসন্ধান সংক্রান্ত পিপিএনবি'র উপর আলোকপাত করেন এবং এর অর্থনৈতিক গুরুত্ব সম্পর্কে সভাপতি মহোদয়কে অবহিত করেন। | দ) সকল পিপিএনবি'র তথ্য একটি ছক আকারে উপস্থাপনসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মহাপরিচালক মহোদয়ের সাথে সাক্ষাৎ করবেন। এ বিষয়ে জানার পর তিনি মন্ত্রণালয়ে খোঁজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং সংশ্লিষ্ট শাখাসমূহ |
| ১২ | জার্মানি ও চীনে বৈদেশিক ভ্রমন/প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনায় মহাপরিচালক মহোদয় চীনে বৈদেশিক ভ্রমণের প্রক্রিয়াটি পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা থেকে সময়োপযোগী পদক্ষেপ না নেয়ার কারণে তা বাতিল হওয়ায় এ বিষয়ে পরবর্তীতে করণীয় সম্পর্কে জানতে চান। জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) জানান এ বছর ১৭ ই অক্টোবর সময় শেষ হয়ে যাওয়ায় আগামী বছরের আগে কিছু করা যাচ্ছেনা।<br>জার্মানিতে কর্মকর্তাদের মনোনয়ন ও প্রশিক্ষণের বিষয়ে জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব) জানান, জার্মানিতে অনুমতিপ্রাপ্তির একটি বিষয় থাকায় এটি আরও কিছুদিন দেরি হবে। পরবর্তীতে ০৫ জনের তালিকা দেয়া হবে।<br>এসময় মহাপরিচালক মহোদয় বলেন, এসবের বাইরেও কর্মকর্তাদের ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দেশের বাইরে বিভিন্ন ওয়ার্কশপ, সেমিনারে অংশগ্রহণ ও উচ্চশিক্ষা গ্রহণের মাধ্যমে নিজেদের উন্নত করে গড়ে তুলতে হবে এবং গবেষণার মান বাড়াতে হবে। | ধ) জার্মানিতে অনুমোদন প্রাপ্তির পর ০৫ জন কর্মকর্তার তালিকা দেয়া হবে। | প্রকল্প পরিচালক (GeoUPAC) |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | ৩৫তম বিসিএস থেকে নবযোগদানকৃত ১৯ জন কর্মকর্তার ওরিয়েন্টেশন ও প্রশিক্ষণ প্রদান করার বিষয়টি সভায় উত্থাপিত হলে সভাপতি মহোদয় কারা এর আয়োজন করে এবং ৯ মাসেও কেন এটি করা হলোনা তা জানতে চান। পরিচালক (অপাঃ) জবাবে জানান প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা/GATC সাধারণত এ দায়িত্ব পালন করে থাকে। তবে অপারেশন ও সমন্বয় শাখা থেকেও এটি করা যেতে পারে। সভাপতি মহোদয় দ্রুত মডিউলসহ প্রশিক্ষণের নথিটি তার নিকট পেশ করতে বলেন। | ন) দ্রুত মডিউলসহ প্রশিক্ষণের নথিটি সভাপতি মহোদয়ের নিকট পেশ করতে হবে। | অপারেশন ও সমন্বয় |
| ১৪ | বিবিধঃ<br>ক) প্রতি আর্থিক বছরের বাজেট বরাদ্দের জন্য অর্থ মন্ত্রণালয় থেকে বাজেট সার্কুলার করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় গত ১৮/১০/২০১৮ তারিখে জিএসবি'র বাজেট ও অডিট শাখা কর্তৃক জারিকৃত বিএন্ডএ-২৮.০৫.০০০০.০০৪.২০.০০১.১৮.(৫৩)/ নং স্মারকের মাধ্যমে সকল শাখা, উপ-শাখা হতে ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য প্রয়োজনীয় আর্থিক বরাদ্দের আবেদন নির্দিষ্ট ছকে প্রদান করার কথা বলা হয়। | প) জারীকৃত পরিপত্রের আলোকে উল্লিখিত ১৫/১১/২০১৮ তারিখের মধ্যে সকল শাখা ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট চাহিদা প্রদান করবে। | সকল শাখা, উপশাখা |
| | খ) ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য কি কি বই কেনা হবে তার চাহিদা সংগ্রহণ শাখায় এখনো প্রদান করা হয় নি বলে সংগ্রহণ কর্মকর্তা জানান। বই ক্রয়ের পাশাপাশি জিএসবি ভূতত্ত্ব সম্পর্কিত বিভিন্ন আন্তর্জাতিক জার্নাল এ অফিসিয়ালি subscribe করতে পারে কিনা সে বিষয়ে মহাপরিচালক মহোদয় মুক্ত আলোচনার আহবান জানান এবং আন্তর্জাতিক জার্নাল এর গুরুত্ব তুলে ধরে বলেন, জিএসবি'র জন্য ভূতত্ত্ব সম্পর্কিত আন্তর্জাতিক বিভিন্ন গবেষণা জানার জন্য নিয়মিত আন্তর্জাতিক জার্নাল আনার ব্যবস্থা করা জরুরী। | ফ) ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য বাজেট থাকা সাপেক্ষে বই ক্রয়ের চাহিদাপত্র প্রদান করা হবে। এবং ভূতত্ত্ব সম্পর্কিত আন্তর্জাতিক জার্নালে subscribe করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ |
| | গ) ইনোভেশন টিমের আবেদনের প্রেক্ষিতে ২০১৮-২০১৯ অর্থ বছরে 'গবেষণা' এবং 'কম্পিউটার সফটওয়্যার' খাতে বাজেট বরাদ্দ করা হয়েছে বলে উর্ধতন হিসাব রক্ষণ কর্মকর্তা জানান। কিন্তু উপর্যুক্ত খাতের অর্থ ব্যয়ের নিমিত্ত কোন চাহিদা পত্র সংগ্রহণ শাখায় পাওয়া যায়নি বলে সংগ্রহণ কর্মকর্তা জানান। | ব) যত দ্রুত সম্ভব উল্লিখিত খাতের জন্য চাহিদা প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/- ৩১-১০-২০১৮
(মোঃ জিল্লুর রহমান চৌধুরী)
মহাপরিচালক

নং-২৮.০৫.০০০০.০০৪.০১.০৪৪.১৮/৩৭৫৭ তারিখঃ ০৬/১১/২০১৮ খ্রি.।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:-

১। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
২। সভাপতি, ইনোভেশন টিম (জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), জিএসবি, ঢাকা।
৩। শাখা প্রধান /প্রকল্প পরিচালক / সেল প্রধান ----------------------------------------------------জিএসবি, ঢাকা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা।

(মোঃ নুরুদ্দিন সরকার)
পরিচালক (অপারেশন ও সমন্বয়)